

**সরকারী মাধ্যমিক বিদ্যালয়ে
কর্মরত কৃষি শিক্ষকদের
বেতন স্কেল**

সরকারী মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত কৃষি শিক্ষকদের বেতন স্কেল ২১০০/- টাকা। অন্যদিকে অন্যান্য বিষয়ের সহকারী শিক্ষকদের বেতন স্কেল ৩৪০০/- টাকা। একথা সত্য যে, মাধ্যমিক স্তরে বিষয়ভিত্তিক পাঠদান আজও সম্ভব হয় নাই। ফলে একজন শিক্ষককে একাধিক বিষয়ে শিক্ষাদান করিতে হয়। কৃষি শিক্ষক কৃষিবিষয়সহ মাধ্যমিক স্তরের বিজ্ঞানের বিষয়গুলিতেও পাঠদান করিয়া থাকেন কিন্তু তাঁহারা উপযুক্ত বেতন স্কেল না পাওয়ায় কর্মোদ্দীপনা হারাইয়া ফেলিতেছেন। প্রসঙ্গত উল্লেখ্য যে, শিক্ষা মন্ত্রণালয়ের অধীন 'ফিমেল সেকেন্ডারী স্কুল এসিস্ট্যান্স' প্রজেক্টে কর্মরত কৃষিবিদদের বেতন স্কেল ৩৪০০/- টাকা। এমতাবস্থায়, কৃষি শিক্ষকদের যুক্তিসম্মত বেতন স্কেল প্রদানের ব্যাপারে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মোঃ সাঈদুর রহমান,
কৃষি শিক্ষক,
নান্দিনা এম, এইচ, কে,
সরকারী পাইলট
উচ্চ বিদ্যালয়।